হাটবোয়ালিয়া আঞ্চলিক কমিউনিটি ফোরামের নতুন কমিটি

বৃহত্তর হাটবোয়ালিয়া অঞ্চলের উন্নয়নে কাজ করার প্রত্যয়ে ২০২১ সালে যাত্রা শুরু করে “হাটবোয়ালিয়া আঞ্চলিক কমিউনিটি ফোরাম” নামের এই সংগঠনটি।

পরবর্তীতে পরপর দুটি সফল মিলনমেলা করতে সক্ষম হয় এই কমিউনিটি ফোরামের সংশ্লিষ্ট আয়োজকরা। তবে, কিছুটা জটিলতা এবং দেশের সার্বিক পরিস্থিতি খারাপ হলে সংগঠনটির যাত্রায় ব্যাঘাত ঘটে। অবশেষে সকল বাধা বিপত্তি কাটিয়ে আবারও প্রাণ ফিরে পায় এই সংগঠনটি।

আবারও সকলের সম্মিলিত প্রচেষ্টায় একুশে ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সংগঠনটির নতুন কমিটির ঘোষণা করা হয়। ঘোষিত নতুন এ কমিটিতে নাজমুল হুদা নুর সভাপতি এবং মিজানুর রহমান হেলাল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়।

কমিটিতে অন্যান্যরা হলোঃ হালিম নজরুল – সহ-সভাপতি, মোস্তাফিজুর রহমান রেকর্ড – সাংগঠনিক সম্পাদক, আবুইখতিয়ার হাশেমি (রতন) – দপ্তর সম্পাদক, নেছার উদ্দিন – অর্থ সম্পাদক, খাদেমুল হক রাজু – প্রচার ও প্রকাশনা সম্পাদক, রজত হুদা – সাংস্কৃতিক সম্পাদক, শাহীন মাহমুদ – আইন বিষয়ক সম্পাদক।

কার্যনির্বাহী পরিষদের অন্যান্য সদস্যরা হচ্ছেনঃ ফখরুল ইসলাম সেলিম,মোঃ মোজাম্মেল হক,কাবেদুল ইসলাম রান্নাফ, তরিকুল ইসলাম, মোঃ জাহিদুল ইসলাম, মোঃ তহিদুল তুহিন, রাশেদুল ইসলাম, শাকিল আহমেদ, দীপক পাল, জয়নব খাতুন।
সংগঠনটির গঠনতন্ত্র অনুযায়ী এই কমিটির মেয়াদকাল আগামী দুই বছর।

একুশে ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে ঢাকার পার্শ্ববর্তী অংকন রিসোর্টে সংগঠনটির বাৎসরিক মিলনমেলায় ৭ সদস্য বিশিষ্ট উপদেষ্টা মন্ডলির পক্ষ থেকে কার্যনির্বাহী কমিটি ঘোষণা করা হয়। এই কমিটি ঘোষণা করেন ফোরামের উপদেষ্টা কমিটির সমন্বয়কারী মঞ্জুরুল হুদা । “মিলন মেলা- ২০২৫” খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং রিসোর্টের নান্দনিক সৌন্দরে◌্য সবাই অত্যন্ত আনন্দিত এবং সৌহার্দপূর্ণ পরিবেশে দিনটি উদযাপন করেন।

নবনির্বাচিত সভাপতি নাজমুল হুদা নুর বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই কমিউনিটি ফোরামকে এগিয়ে নিয়ে যাওয়া হবে অনেক দূর। এলাকার বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপে ভূমিকা রাখবে এই কমিউনিটি ফোরাম।

সাধারণ সম্পাদক মিজানুর রহমান হেলাল বলেন, আগামী দিনে তরুণরাই এই কমিউনিটি ফোরামের হাল ধরবে। আমাদের উদ্দেশ্য হতে হবে এই কমিউনিটি ফোরাম যেন এলাকার সকল মানুষের পাশে সব সময় থাকতে পারে। এলাকার সকলকে মিলিত করার একটা প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে এই আঞ্চলিক কমিউনিটি ফোরাম।

অনুষ্ঠানের সমাপনী বক্তব্যে কমিউনিটি ফোরামের উপদেষ্টা জনাব মনজুরুল হুদা সকলকে একনিষ্ঠভাবে এই সংগঠনকে এগিয়ে নিতে আহ্বান জানান।পাশাপাশি তিনি এই কমিউনিটি ফোরামকে গতিশীল করতে ফান্ড বৃদ্ধিতে জোরালো ভূমিকা রাখেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শ্রদ্ধেয় সাবেক ডিআইজি ফজলুর রহমান, মোঃ তোফাজ্জেল হোসেন স্বপন, প্রকৌশলী আবুহেনা মোস্তফা কামাল, মোঃ আব্দুস সোবহান, মোঃ শরিফুল হুদা, সুলতান বিশ্বাস প্রমূখ।

শৈলকুপার আলোচিত ট্রিপল মার্ডারের ঘটনায় দুই জনকে আটক

ঝিনাইদহের শৈলকুপায় পূর্ব বাংলা কমিউনিস্ট পার্টি(জনযুদ্ধ)’র কমান্ডার হানিফসহ ৩ জনকে গুলি করে হত্যার ঘটনায় জড়িত সন্দেহে দুইজনকে আটক করেছে র্যাব-৬।

গতকাল সোমবার (২৪ ফেব্রুয়ারি) দিবাগত রাত সাড়ে ১০ টার দিকে জেলা শহরের সার্কিট হাউজ এলাকা এবং গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার সোনাতলা এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো-হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর গ্রামের ছানোয়ার

হোসেন ছনুর ছেলে আবু সাঈদ ও জোড়াপুকুরিয়া গ্রামের মৃত আনজের আলীর ছেলে আনারুল ইসলাম।

র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের কমান্ডার মেজর নাঈম আহমেদ মঙ্গলবার সকালে প্রেস বিজ্ঞপ্তিতে জানান, পূর্ব বাংলা কমিউনিস্ট পার্টির কমান্ডার হরিণাকুণ্ডুর আহাদনগর গ্রামের হানিফ, শ্রীরামপুর গ্রামের লিটন ও কুষ্টিয়ার পিয়ারপুর গ্রামের রাইসুল ইসলাম রাজু হত্যার ঘটনায় সোমবার নিহত হানিফের ভাই সাজেদুল ইসলাম ইসা বাদী হয়ে শৈলকুপা থানায় অজ্ঞাতনামা ১৫ থেকে ২০ জনের বিরুদ্ধে মামলা করে।

ট্রিপল মার্ডারের ঘটনায় মামলা দায়ের করা হলে রাতেই আসামী ধরতে অভিযান শুরু করে র্যাব-৬। তারই ধারাবাহিকতায় জেলা শহরের সার্কিট হাউজ সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে আবু সাঈদকে আটক করা হয়। ঠিক একই সময় র্যাবের পৃথক দল গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার সোনাতলা এলাকা থেকে আনারুল ইসলামকে আটক করা হয়। তাদের দুৃই জনকে শৈলকুপা থানায় সোপর্দ করা হয়েছে। এরা হত্যার ঘটনায় জড়িত ছিল বলে প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে। পরবর্তিতে জিজ্ঞাসাবাদে বিস্তারিত জানা যাবে।

উল্লেখ্য, গত ২১ ফেব্রুয়ারী রাতে শৈলকুপা উপজেলার রামচন্দ্রপুর গ্রামের শ^শানঘাট এলাকায় গুলিবিদ্ধ হয়ে হত্যাকান্ডের শিকার হয় পুর্ববাংলার কমিউনিস্ট পার্টির আঞ্চলিক কমান্ডার হরিণাকুণ্ডুর আহাদনগর গ্রামের হানিফ, তার শ্যালক শ্রীরামপুর গ্রামের লিটন ও কুষ্টিায়ার পিয়ারপুরের রাইসুল ইসলাম রাজু। এই ৩ হত্যাকান্ডের দায় স্বীকার করেন জাসদ গণবাহিনী পরিচয়ে জনৈক কালু। তিনি ওই রাতেই গণমাধ্যম কর্মীদের হোয়াটসঅ্যাপে ক্ষুদে বার্তা পাঠান।

মেহেরপুর বসুন্ধরা শুভসংঘের সভাপতি রফিকুল, সম্পাদক নাফিউল

কলেজ শিক্ষক এস এম রফিকুল আলম বকুলকে সভাপতি ও তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামকে সাধারণ সম্পাদক করে ২৩ সদস্যবিশিষ্ট বসুন্ধরা

শুভসংঘের মেহেরপুর জেলা শাখা কমিটি গঠন করা হয়েছে।

বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান গত সোমবার মেহেরপুর জেলা শাখার নতুন কমিটি এক বছরের জন্য অনুমোদন করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন-সহসভাপতি আক্তারুজ্জামান হীরা, ফিরোজ আহমেদ পলাশ, যুগ্ম সাধারণ সম্পাদক তানজিমুল ইসলাম, সাজিদ ইসলাম ইন্নাল, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, সাহিত্য ও সাংস্কৃতি সম্পাদক উলমাতুন নেছা পূর্নিমা, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান, কার্যকরী সদস্য আসমাউল হুসনা, মো. রাকিব, সুরাইয়া আকতার হ্যাপি, মোছা. লামইয়া, মো. আলিফ খান ও মো. লিখন আলী।

এছাড়া চার জনকে উপদেষ্টা করা হয়েছে। তারা হলেন কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক
ইয়াদুল মোমিন, সাবেক শিক্ষক নুরুল আহমেদ, আবু নাসের চৌধুরী ও মো. জিল্লুর রহমান।

উল্লেখ্য, বসুন্ধরা শুভসংঘ প্রতিষ্ঠার পর থেকে সারাদেশে বিভিন্ন জনকল্যাণমূলক কাজ করে আসছে। মেহেরপুরেও কৃতি শিক্ষার্থী, দুস্থদের সহায়তা, কম্বল বিতরণ, দুস্থ শিক্ষাথীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ, ভাষা দিবস উপলক্ষ্যে দেয়াল লিখন, বৃক্ষরোপণ ও বিতরণসহ বিভিন্ন কল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনা করেছে বসুন্ধরা শুভসংঘ।

জলাশয়ের ইজারা যেন মৎস্যজীবী

ছাড়া কেউ না পায়: ফরিদা আখতার

জলাশয়ের ইজারা যেন মৎস্যজীবী ছাড়া কেউ না পায়, সেদিকে খেয়াল রাখতে হবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার।

তিনি বলেন, “জলাশয়ের ইজারা যেন শুধুমাত্র মৎস্যজীবীরাই পান, সেটি পর্যালোচনার মধ্যে রয়েছে। এ বিষয়ে সম্প্রতি ভূমি ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে।”

এ সময় তিনি মুনাফার আশায় মাছ ও গবাদিপশুকে অস্বাস্থ্যকর খাবার ও ওষুধ ব্যবহার না করার আহ্বান জানান।

বুধবার (১৯ ফেব্রুয়ারি) সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মৎস্য ও প্রাণিসম্পদ খামারিদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

ফরিদা আখতার আরও বলেন, “দখল ও দূষণের কারণে সারাদেশে হাওর-বাওড়সহ অন্যান্য জলাশয় নষ্ট হয়ে যাচ্ছে। এতে মৎস্য উৎপাদন হ্রাস পাচ্ছে এবং মৎস্যজীবীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন।”

তিনি আরও বলেন, “মানুষের যেমন নিরাপদ খাদ্যের প্রয়োজন, তেমনই পশুখাদ্যের নিরাপত্তাও জরুরি। এ বিষয়ে সংশ্লিষ্টদের কার্যকরী ভূমিকা রাখতে হবে।”

মতবিনিময় সভায় কুষ্টিয়ার পুলিশ সুপার মিজানুর রহমান, কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোহা. আব্দুল ওয়াদুদসহ জেলা প্রশাসনের কর্মকর্তা, বিভিন্ন পর্যায়ের খামারি ও সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন।

দুই দিনের রিমান্ডে হাসিনার

সাবেক সামরিক সচিব মিয়াজী

শেখ হাসিনার সাবেক সামরিক সচিব ও ঝিনাইদহ-৩ আসনের সাবেক সংসদ সদস্য মেজর জেনারেল (অব.) সালাহউদ্দিন মিয়াজীকে দুই দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

গতকাল বুধবার (১৯ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৯টার দিকে তাকে ঝিনাইদহ আদালতে হাজির করা হয়। সদর আমলি আদালতের বিচারক মো. ফারুক আযম এ রিমান্ড মঞ্জুর করেন।

এ তথ্য নিশ্চিত করেছেন কোর্ট পুলিশের পরিদর্শক মো. মুক্তার হোসেন। তিনি জানান, ঝিনাইদহ জেলা বিএনপির কার্যালয়ে অগ্নিসংযোগের ঘটনায় সদর থানায় দায়েরকৃত নাশকতা মামলার আসামি ছিলেন সাবেক সংসদ সদস্য সালাহউদ্দিন মিয়াজী।

এর আগে গতকাল মঙ্গলবার রাতে যশোরের রুদ্রপুর এলাকার শ্যামলছায়া পার্ক থেকে তাকে গ্রেপ্তার করে যৌথবাহিনী।

উল্লেখ্য, ২০২৪ সালের ৭ জানুয়ারির নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে ঝিনাইদহ-৩ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয় সালাহউদ্দিন মিয়াজী। এর আগে ২০১৫ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সামরিক সচিবের দায়িত্ব পালন করেন তিনি।

হারিয়ে যাওয়া ঐতিহ্য ফেরাতে গাংনীতে পিঠা উৎসব

গ্রাম বাংলার হারানো ঐতিহ্য ফিরিয়ে আনতে মঙ্গলবার মেহেরপুরের গাংনী সরকারী ডিগ্রি কলেজে তারুণ্যের পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে।

জমকালো উৎসবে শোভা পাচ্ছে স্বতীন পিঠা, বেক্কল জামাই, মেয়েদের মন, জামাইয়ের প্যাচ, ভালবাসার লাল গোলাপ, পিয়াসা, পাটি সাপটা,

চিতই, ভাপা, পুলি, সরু, মালাই রোল, চিটা রুটিসহ পুরনো নানা পিঠার সমারোহ লক্ষ্য করা গিয়েছে।

নিজেদের স্টলগুলো পরিচালনা করেন বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা। দিন দিনব্যাপী পিঠা মেলার উদ্বোধন করেন গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন। উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, গাংনী সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম।

তারুণ্যের মেলা উপলক্ষে আয়োজন করা হয় এই পিঠা উৎসবের। গ্রাম বাংলার হারিয়ে যাওয়া পিঠা তৈরি করে হাজির হন কলেজের শিক্ষার্থীরা। সঙ্গে ছিল আধুনিক সব পিঠাও। ২৫ টি স্টলে পিঠার পসরা সাজিয়ে বসেন শিক্ষার্থীরা। তরুণ প্রজন্ম সকাল থেকেই ভিড় জমান পিঠা উৎসবে। পরিচিত হন নতুন ও পুরাতন হরেক রকমের পিঠার সঙ্গে।

গাংনী সরকারি ডিগ্রি কলেজ চত্ত্বরে শুরু হওয়া এ পিঠা উৎসবে ছিল বেশ ভিন্নতা। শিক্ষার্থীদের নিজ হাতে তৈরী করা এসব পিঠা সাজিয়েছেন তাদের স্টলে। ভোজন রসিকরা বিভিন্ন স্টল ঘুরে ঘুরে দেখছেন আর স্বাদ নিচ্ছেন। সেই সাথে অনেকে এসেছেন তাদের সন্তাানদেরকে পিঠা পুলির স্বাদের পাশাপাশি পিঠার সাথে পরিচয় ঘটাতে।

পিঠা উৎসবের আয়োজনে বেজায় খুশি শিক্ষার্থীরা। এ ধরনের আয়োজন তরুণ প্রজন্মকে আরো উদ্যমী করে গড়ে তুলবে বলে মনে করছেন তারা।

প্রধান উপদেষ্ঠার বিশেষ সহকারী হলেন মেহেরপুরের মনির হায়দার

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে সাংবাদিক মনির হায়দারকে। তাঁকে জ্যেষ্ঠ সচিব পদমর্যাদায় নিয়োগ দিয়ে বুধবার প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়।

সাংবাদিক মনির হায়দার মেহেরপুর সদর উপজেলার ইসলামনগর গ্রামের সন্তান।

বিশেষ সহকারী হিসেবে তিনি প্রধান উপদেষ্টার পক্ষে জাতীয় ঐকমত্য গঠনের লক্ষ্যে বিভিন্ন রাজনৈতিক দল ও শক্তির সঙ্গে লিয়াজোঁ এবং যোগাযোগ রক্ষায় ভূমিকা পালন করবেন বলে জানা গেছে।

জানা গেছে, মনির হায়দার বর্তমানে নিউইয়র্কে রয়েছেন। দেশে ফিরে তিনি এ পদে যোগদান করবেন।

মনির হায়দার প্রায় তিন দশক ধরে দৈনিক পূর্বকোণ, ভোরের কাগজ, জনকণ্ঠ, যায়যায় দিন, ইত্তেফাক ও মানবজমিন পত্রিকায় সাংবাদিকতা করেছেন। তিনি বর্তমানে বেসরকারি টেলিভিশন চ্যানেল বাংলাভিশনের উপদেষ্টা।

রাজশাহীর তানোর উপজেলা পিএফজির কমিটি পূনর্গঠন

রাজশাহীর তানোনে পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি)’র উদ্যোগে ও দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর এমআইপএস প্রকল্পের সহযোগিতায় পিএফজির সম্মিলিত কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা ও পরিকল্পনা প্রণয়ন সভা গতকাল শনিবার সকাল সাড়ে ১০টায় তানোর কৃষি কর্মকর্তার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

পিএফজির সদস্য, সাবেক ইউপি চেয়ারম্যান ও তানোর উপজেলা বিএনপির আহ্বায়ক মোঃ আখেরুজ্জামান হান্ননের সভাপতিত্বে ও এ্যাম্বসেডর মোঃ আব্দুস সালামের সঞ্চালনায় বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর এমআইপিএস প্রকল্পের ফিল্ড কোঅর্ডিনেটর মোঃ হেলাল উদ্দিন ।

সভায় জানানো হয়, নিয়মিত কার্যক্রমের অংশ হিসেব মোহনপুর পিএফজির দ্বন্দ্ব নিরশনে কাজ করছে।

সভায় বক্তারা বলেন, পিএফজি উদার অসম্প্রাদায়িক, বহুত্ববাদী

সহনশীল, মুক্ত, মানবিক সমাজ ও রাষ্ট্র নির্মাণের লক্ষ্যে গণতান্ত্রিক মূল্যবোধের বিকাশ, সহিংসতা নিরসন, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলরে সহাবস্থান নিশ্চিতকরণ ও ইতিবাচক রাজনৈতিক সংস্কৃতি সমাজ বিনির্মান এবং সম্মিলিত উদ্যোগে সামাজিক সমস্যা নিরসন বিশেষ করে রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত সহিংসতা নিরসন এবং স্থানীয় পর্যায়ে শান্তি-সম্প্রীতি ও সহাবস্থান নিশ্চিতকরণে কাজ করে যাচ্ছে।

আলোচনা শেষে তানোর মহিলা কলেজের সহকারী অধ্যাপক মোঃ মাহমুদুল আলম মাসুদ কে কো-অর্ডিনেটর ও কলেজ শিক্ষক মোঃ আব্দুস ছামাদ, জাতীয় পার্টি সভাপতি মোঃ শামসুদ্দিন মন্ডল, বিএনপির সভাপতি মোঃ জাহিদুল ইসলাম এবং তানোর উপজেলা মহিলা আওয়ামী লীগের সভাপতি মোছাঃ সোনিয়া সর্দার কে এম্বাসিডর করে তানোর পিএফজি গঠনতন্ত্র অনুযায়ী পুনর্গঠন করা হয়েছে।

পরিকল্পনা সভায় বক্তব্য রাখেন, তানোর মহিলা কলেজের সহকারী অধ্যাপক ও পিএফজির কো-অর্ডিনেটর মাসুদুল আলম মাসুদ, মোহনপুর পিএফজির কো-অর্ডিনেটর আব্দুল আলিম শেখ, জাতীয় পার্টির তানোর উপজেলার সভাপতি ও পিস এ্যম্বাসিডর মোঃ শামসুদ্দিন মন্ডল, জাতীয়তা বাদী দলের সভাপতি ও পিস এ্যম্বাসিডর মোঃ জাহিদুল ইসলাম।

আলোচনা শেষে জানুয়ারী থেকে মার্চ, ২০২৫ তিন মাসের পরিকল্পনা করে সভাপতির সমাপনি বক্তব্যর মধ্য দিয়ে ফলোআপ সভা শেষ হয়েছে।

সংষ্কারের আগে নির্বাচন নয়: বাংলাদেশ কংগ্রেস

একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য প্রয়োজনীয় সংষ্কার শেষে নির্বাচনের আয়োজন করার দাবী জানিয়েছে বাংলাদেশ কংগ্রেস।

বাংলাদেশ কংগ্রেসের বাংলামটরস্থ কেন্দ্রীয় কার্যালয়ে “রাষ্ট্র সংষ্কার: প্রত্যাশা ও বাস্তবতা” শীর্ষক সেমিনারে সভাপতির

বক্তব্যে দলের চেয়ারম্যান এ্যাডঃ কাজী রেজাউল হোসেন বলেন, দূর্বল নির্বাচন কমিশন, প্রশাসন ও পুলিশ দিয়ে অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন সম্ভব নয়।

কাজী রেজাউল হোসেন আরো বলেন, বিদ্যমান ব্যবস্থায় নির্বাচন পরিচালনায় নির্বাচন কমিশনের কোন ভূমিকা থাকে না। তারা ভোটার তালিকা ও ব্যালট পেপার প্রস্তুত করে নির্বাহী বিভাগের হাতে তুলে দেয় এবং নির্বাহী বিভাগ নির্বাচন পরিচালনা করে।

বাংলাদেশ কংগ্রেসের মহাসচিব এ্যাডঃ মোঃ ইয়ারুল ইসলাম সেমিনারে বলেন, নির্বাচন সংষ্কার কমিশনের প্রস্তাবনায় কার্যকর কোন সংষ্কার হবে না। এমন সংষ্কার আনতে হবে যাতে শাসকগোষ্ঠী নির্বাচনে আনুকূল্য না পায়।

এ্যাডঃ ইয়ারুল ইসলাম আরো বলেন, বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার একটি নিরপেক্ষ সরকার। প্রত্যাশিত সংষ্কারগুলো একমাত্র তাদের দ্বারাই সম্ভব। তাড়াহুড়ো করে নির্বাচন দিলে দলীয় সরকার ক্ষমতায় আসবে যারা যারা দলীয় স্বার্থের বাইরে কোন সংষ্কার করবে না।

সেমিনারে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন লেঃ কঃ (অবঃ) জোবায়ের উল্লাহ, বাংলাদেশ কংগ্রেসের উপদেষ্টা এ আর সিকদার সোহেল, যুগ্ম মহাসচিব আব্দুল্লাহ আল মামুন, সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল মোর্শেদ, অর্থ সম্পাদক প্রভাষক মোস্তফা আনোয়ার ভুইয়া রিপন, দপ্তর সম্পাদক মোঃ তুষার রহমান, আইন ও মানবাধিকার বিষয়ক সম্পাদক এ্যাডঃ আব্দুর রউফ খান, সমাজ সেবা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সম্পাদক এ্যাডঃ মোঃ মাইনুল ইসলাম, নির্বাহী সদস্য আনোয়ার কে মোর্শেদ, আব্দুর রহিম চৌধুরী, সোহেল হায়দার প্রমুখ।

খুলনায় অটোমোবাইল ওয়ার্কশপ মালিক সমিতির অভিষেক

খুলনায় অটোমোবাইল ওয়ার্কশপ মালিক সমিতির অভিষেক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বুধবার (২২ জানুয়ারি) সকাল ১০টায় খুলনা

প্রেসক্লাবের ব্যাংককুয়েট হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকৌশলী মোহাম্মদ জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেনা লুব্রিক্যান্টসের অথরাইজড ডিস্ট্রিবিউটর ইমদাদুল হক সোহাগ এবং অটোমোবাইল ওয়ার্কশপ মালিক সমিতির মহাসচিব মো. রফিকুল ইসলাম রঞ্জু।

নবনির্বাচিত কমিটির সদস্যরা শপথ গ্রহণের পর তাদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানে খুলনা ছাড়াও পার্শ্ববর্তী জেলার অটোমোবাইল ওয়ার্কশপ মালিক সমিতির নেতৃবৃন্দ অংশ নেন।

অনুষ্ঠানের এক পর্যায়ে সেনা লুব্রিক্যান্টসের অথরাইজড ডিস্ট্রিবিউটর ইমদাদুল হক সোহাগ সমিতির নেতৃবৃন্দের সুখে-দুঃখে পাশে থাকার আশ্বাস দেন।